রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, নভেম্বর ১০, ২০২২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**
**অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ/৮ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং-৩৪১-আইন/২০২২।**—যেহেতু, ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৭০ এর উপ-ধারা (২) ও (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৪ জুলাই, ২০২২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং-১৯৫-আইন/২০২২ দ্বারা ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ প্রাক্-প্রকাশ করিয়া ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট সকলের নিকট হইতে মতামত, পরামর্শ বা আপত্তি আহ্বান করিয়াছিল; এবং

যেহেতু, উক্ত প্রাক্-প্রকাশনায় উল্লিখিত ৩০ (ত্রিশ) দিন সময় অতিক্রান্ত হইয়াছে এবং সংশ্লিষ্ট সকলের নিকট হইতে উত্থাপিত মতামত, পরামর্শ বা আপত্তি বিবেচনা করিয়া প্রাক্-প্রকাশিত বিধিমালা সংশোধনপূর্বক উহা চূড়ান্তভাবে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হইয়াছে;

সেহেতু, ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৭০ এর উপ-ধারা (১) ও (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।


**মূল্য :** টাকা ৩০.০০

২। **সংজ্ঞা**।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) **'আইন'** অর্থ ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন);

(খ) **'কাউন্সিল'** অর্থ ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল;

(গ) **'তফসিল'** অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(ঘ) **'তালিকাভুক্তি সনদ বা নবায়ন সনদ'** অর্থ বিধি ১৪ এর অধীন কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত তালিকাভুক্তি সনদ বা নবায়ন সনদ;

(ঙ) **'নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ'** অর্থ এইরূপ কোনো কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠান যাহার নিকট রেজিস্টারভুক্ত, নিবন্ধিত বা লাইসেন্সপ্রাপ্ত না হইলে বা উক্ত কর্তৃপক্ষ, সংস্থা বা প্রতিষ্ঠানের অনুমোদন না পাইলে সংশ্লিষ্ট ব্যক্তি বা জনস্বার্থ সংস্থা উহার কার্যক্রম পরিচালনা করিতে পারিবে না; এবং

(চ) **'ফরম'** অর্থ এই বিধিমালার কোনো ফরম।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যেই সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির আবেদন**।—(১) আইনের ধারা ৩২ এর উদ্দেশ্য পূরণকল্পে, কাউন্সিল কর্তৃক, সময় সময়, জারীকৃত ও প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে তালিকাভুক্তির নিমিত্ত কোনো নিরীক্ষককে ফরম-১ অনুযায়ী ও কোনো নিরীক্ষা ফার্মকে ফরম-২ অনুযায়ী হলফনামাসহ কাউন্সিলের নিকট লিখিতভাবে, অনলাইনে বা উভয় পদ্ধতিতে আবেদন দাখিল করিতে হইবে।

(২) কোনো ব্যক্তি উপ-বিধি (১) এ উল্লিখিত বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন দাখিল করিতে না পারিলে বিলম্ব ফি প্রদান সাপেক্ষে কাউন্সিলের নিকট আবেদন করিতে পারিবেন।

(৩) একই নিরীক্ষক একের অধিক নিরীক্ষা ফার্মের মালিক বা অংশীদার হিসাবে তালিকাভুক্তির জন্য আবেদন করিতে পারিবে না।

৪। **তালিকাভুক্তি আবেদনের সহিত দাখিলযোগ্য দলিল বা তথ্য**।—আবেদনকারীকে, বিধি ৩ এর অধীন তালিকাভুক্তির আবেদনের সহিত তফসিল-৩ এ বর্ণিত দলিল বা তথ্য দাখিল করিতে হইবে।

৫। **তালিকাভুক্তির ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা**।—(১) এই বিধিমালার অধীন তালিকাভুক্তি বা নবায়নের জন্য কোনো আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকিতে হইবে, যথা :—

(ক) বাংলাদেশের নাগরিক ও স্থায়ী বাসিন্দা হইতে হইবে;

(খ) সংশ্লিষ্ট পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠানের সদস্য হইতে হইবে;

(গ) প্রযোজ্য ক্ষেত্রে, নিরীক্ষা চর্চার প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত হালনাগাদ নিরীক্ষা চর্চা সনদ থাকিতে হইবে;

(ঘ) কোনো ফৌজদারি অপরাধে উপযুক্ত আদালত কর্তৃক দণ্ডিত হইবেন না;

(ঙ) শারীরিক ও মানসিকভাবে সক্ষম হইতে হইবে;

(চ) কাউন্সিলের তালিকাভুক্ত নিরীক্ষা ফার্ম ব্যতিরেকে অন্য কোনো প্রতিষ্ঠানে কর্মরত বা জনস্বার্থ সংস্থায় চাকরিরত বা স্বাধীনভাবে নিরীক্ষা সেবা প্রদান ব্যাহত হয় এইরূপ কোনো স্বার্থ সংশ্লিষ্ট কাজে জড়িত থাকিতে পারিবেন না;

(ছ) কাউন্সিলের অনুমোদন ব্যতীত একাধারে ৬ (ছয়) মাসের অধিক সময়কাল পর্যন্ত বাংলাদেশের বাহিরে অবস্থান বা বসবাস করিতে পারিবেন না বা নিরীক্ষা সেবা প্রদান কার্যক্রম হইতে বিরত থাকিতে পারিবেন না:

তবে শর্ত থাকে যে, চিকিৎসাজনিত বিদেশ ভ্রমণ বা বিদেশে অবস্থানের ক্ষেত্রে আবেদনসহ কাউন্সিলের নিকট উপযুক্ত দলিল দাখিল করিলে কাউন্সিল উক্ত সময়সীমা বৃদ্ধি করিতে পারিবে;

(জ) বিদেশি নাগরিক বা বিদেশে স্থায়ী নিবাসী বা পলাতক বা দেউলিয়া বা ঋণ খেলাপি বা দুর্নীতির মামলায় দণ্ডিত হইবেন না; এবং

(ঝ) মানবতাবিরোধী, যুদ্ধাপরাধী, আন্তর্জাতিক অপরাধ বা গণহত্যা, ইত্যাদি অভিযোগে অভিযুক্ত অথবা Bangladesh Collaborators (Special Tribunals) Order, 1972 (President's Order No. 8 of 1972) এর অধীন অভিযুক্ত বা দণ্ডপ্রাপ্ত হইবেন না।

(২) উপ-বিধি (১) এ যাহা কিছুই থাকুক না কেন, বিদেশি বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের সহিত আবেদনকারীর এফিলিয়েশন থাকিতে পারিবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত দলিল বা তথ্যের যথার্থতাস্বরূপ, প্রযোজ্য ক্ষেত্রে, প্রয়োজনীয় দলিল তালিকাভুক্তি সংক্রান্ত আবেদনপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৬। **তালিকাভুক্তির ফি।**—(১) প্রত্যেক নিরীক্ষক এবং নিরীক্ষা ফার্মকে তালিকাভুক্তির আবেদনের সহিত কাউন্সিলের অনুকূলে পে-অর্ডার বা ক্রস চেকের মাধ্যমে বা ব্যাংকের হিসাবে তফসিল-২ এ উল্লিখিত তালিকাভুক্তি ফি পরিশোধ করিতে হইবে।

(২) কোনো ব্যক্তি নিরীক্ষক হিসাবে তালিকাভুক্ত হইবার পর কোনো ফার্মের অংশীদার বা একক মালিক হইলে একই ব্যক্তিকে অংশীদার হিসাবে পুনরায় সংশ্লিষ্ট বৎসরের বার্ষিক তালিকাভুক্তি ফি বা নবায়ন ফি পরিশোধ করিতে হইবে না এবং ব্যক্তি ও ফার্মকে পৃথকভাবে তালিকাভুক্ত হইতে হইবে এবং তফসিল-২ অনুযায়ী ফি প্রদান করিতে হইবে।

(৩) নিরীক্ষা ফার্মে কর্মরত নিরীক্ষা সেবা কার্যক্রমে সম্পৃক্ত কোনো ব্যক্তি যিনি পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠানের সদস্য হিসাবে নিবন্ধিত অথবা তালিকা বহির্ভূত অংশীদারের ক্ষেত্রে (যাহারা পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠানের সদস্য কিন্তু নিরীক্ষা চর্চা সনদপ্রাপ্ত নহেন) নিরীক্ষকের ন্যায় উহাদের ক্ষেত্রে একই ফি প্রযোজ্য হইবে।

(৪) কোনো অংশীদারি নিরীক্ষা ফার্মের একাধিক শাখা থাকিলে প্রত্যেক শাখার জন্য আবেদনপত্রের সহিত উপ-বিধি (১) এ উল্লিখিত ফি এর অতিরিক্ত তফসিল-২ এ উল্লিখিত নিরীক্ষা ফার্ম শাখা ফি পরিশোধ করিতে হইবে।

(৫) বিলম্বিত তালিকাভুক্তির আবেদনের ক্ষেত্রে তফসিল-২ এ উল্লিখিত বিলম্ব ফি পরিশোধ করিতে হইবে।

(৬) অর্থ বৎসর অনুযায়ী (জুলাই হইতে জুন পর্যন্ত) ফি সংক্রান্ত বিষয়ে বৎসর গণনা হইবে।

(৭) নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম যে বৎসরে তালিকাভুক্ত বা নবায়ন ফি প্রদান করিয়া তালিকাভুক্ত বা নবায়ন হইবে উহা সংশ্লিষ্ট বৎসরের ফি হিসাবে গণ্য হইবে।

৭। **তালিকাভুক্তির মেয়াদ।**—নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তির মেয়াদ হইবে ১ (এক) বৎসর।

৮। **তালিকাভুক্তি সনদ নবায়নের আবেদন।**—(১) নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কর্তৃক তালিকাভুক্তির তারিখ হইতে ১ (এক) বৎসর পূর্ণ হইবার ৩ (তিন) মাস পূর্বে, সংশ্লিষ্ট পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ নিরীক্ষা চর্চা সনদ প্রযোজ্য হইলে উহার অনুলিপিসহ, কাউন্সিলের নিকট তালিকাভুক্তি সনদ নবায়নের জন্য আবেদন করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত তালিকাভুক্তি প্রতি বৎসর চলমান রাখিবার জন্য প্রত্যেক অর্থ বৎসর শেষ হইবার পূর্বে সংশ্লিষ্ট পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ নিরীক্ষা চর্চা সনদ প্রযোজ্য হইলে উহাসহ কাউন্সিল কর্তৃক যাচিত অন্যান্য দলিল বা সনদ জমা প্রদান করিতে হইবে।

(২) কাউন্সিল তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের নবায়নের ক্ষেত্রে বিধি ৩ এর উপ-বিধি (১) এ উল্লিখিত ফরমের অনুরূপ ফরম ব্যবহার করিতে পারিবে।

(৩) তালিকাভুক্তি সনদ নবায়নের ক্ষেত্রে, প্রয়োজন হইলে, কাউন্সিল সংশ্লিষ্ট আবেদনকারী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মকে উপ-বিধি (১) ও (২) এ বর্ণিত দলিল বা প্রমাণ দাখিল করিতে নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৪) কোনো তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম এই বিধিমালায় উল্লিখিত নিয়ম, শর্তাবলি ও পদ্ধতি অনুযায়ী যথাসময়ে তালিকাভুক্তি সনদ নবায়ন করিতে ব্যর্থ হইলে উক্ত তালিকাভুক্তি বাতিল বা অকার্যকর বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা অনুযায়ী পুনরায় তালিকাভুক্ত হইতে হইবে।

(৫) তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি সনদ নবায়নের আবেদনের সহিত ফি ও, প্রযোজ্য ক্ষেত্রে, বিলম্ব ফি বা জরিমানা পরিশোধের রসিদ এবং পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত হালনাগাদ নিরীক্ষা চর্চা সনদের অনুলিপি দাখিল করিতে হইবে।

(৬) কোনো আবেদনকারীর বিরুদ্ধে সুনির্দিষ্ট অভিযোগ থাকিলে বা দণ্ডপ্রাপ্ত হইলে বা অসদাচরণ বা অনিয়মের বিষয়ে তদন্ত চলমান থাকিলে কাউন্সিল বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক উহা তদন্ত ও যাচাই-বাছাইঅন্তে বিধি ১২ এর উপ-বিধি (৫) এর অধীন গঠিত তালিকাভুক্তি ও নবায়ন কমিটি উক্ত আবেদনকারীর তালিকাভুক্তি সনদ নবায়নের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৭) এই বিধিতে সুনির্দিষ্টভাবে উল্লেখ না থাকিলে, তালিকাভুক্তি সম্পর্কিত বিধান, যতদূর সম্ভব, প্রয়োজনীয় অভিযোজন সাপেক্ষে (Mutatis Mutandis) নবায়নের ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

৯। **নবায়ন ফি।**—(১) প্রত্যেক তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মকে প্রতি বৎসর কাউন্সিল কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে তালিকাভুক্তি সনদ নবায়নের আবেদনের সহিত তফসিল-২ এ উল্লিখিত নবায়ন ফি কাউন্সিলের অনুকূলে পরিশোধ করিতে হইবে।

(২) বিলম্বিত নবায়ন আবেদনের ক্ষেত্রে তফসিল-২ এ উল্লিখিত বিলম্ব ফি পরিশোধ করিতে হইবে।

১০। **আবেদনকারী কর্তৃক দাখিলকৃত দলিল বা তথ্য যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষা।**—(১) বিধি ৪ ও ৮ এর বিধান অনুযায়ী আবেদনকারী কর্তৃক দাখিলকৃত দলিল বা তথ্য কাউন্সিলের নির্ধারিত বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী বা কাউন্সিল কর্তৃক গঠিত বাছাই কমিটি যাচাই-বাছাই ও পরীক্ষা করিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, একজন নির্বাহী পরিচালককে সভাপতি করিয়া অনতিবিলম্বে অন্যূন ৩ (তিন) সদস্যের সমন্বয়ে কাউন্সিল কর্তৃক একটি বাছাই কমিটি এবং, প্রয়োজনে, এক বা একাধিক বাছাই উপ-কমিটি গঠন করা যাইবে।

(৩) আবেদনকারী কর্তৃক দাখিলকৃত দলিল, তথ্য বা প্রমাণের যথার্থতা ও বিশ্বাসযোগ্যতা সম্পর্কে কাউন্সিল বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারী বা উপ-বিধি (২) এর অধীন গঠিত বাছাই কমিটি বা বাছাই উপ-কমিটি যথাযথ অনুসন্ধান এবং, প্রযোজ্য ক্ষেত্রে, সরেজমিনে তদন্ত করিতে পারিবে।

(৪) কাউন্সিল নিরীক্ষক তালিকাভুক্তি বা নবায়নের ক্ষেত্রে নিরীক্ষা চর্চা কোডের আলোকে যে কোনো কার্যকর পদক্ষেপ গ্রহণ বা আবেদনকারীকে মূল্যায়ন করিতে পারিবে।

(৫) উপ-বিধি (২) এর অধীন গঠিত বাছাই কমিটি বা বাছাই উপ-কমিটি ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহার অনুসন্ধান বা তদন্ত কার্যক্রম সম্পন্ন করিবে।

(৬) উপ-বিধি (২) এর অধীন গঠিত বাছাই কমিটি বা বাছাই উপ-কমিটির সকল সিদ্ধান্ত সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সংখ্যাগরিষ্ঠতার ভিত্তিতে গৃহীত হইবে।

(৭) বাছাই কমিটির সিদ্ধান্ত ও সুপারিশসহ প্রস্তাবিত তালিকা ও অন্যান্য দলিল বিধি ১২ এর উপ-বিধি (৫) এর অধীন গঠিত তালিকাভুক্তি ও নবায়ন কমিটির নিকট ৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ করিতে হইবে।

১১। **তালিকাভুক্তি বা নবায়নের আবেদন যাচাই-বাছাই ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ।**—তালিকাভুক্তি বা নবায়নের আবেদন যাচাই-বাছাই ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে কাউন্সিল নিম্নবর্ণিত বিষয়সমূহ বিবেচনা করিতে পারিবে, যথা :—

(ক) তফসিল-১ এ উল্লিখিত যোগ্যতা ও তথ্য এবং বিগত বৎসরের নিরীক্ষা প্রতিবেদন;

(খ) নিরীক্ষা কার্যক্রমে সরাসরি সম্পৃক্ত হইবার ক্ষেত্রে সংশ্লিষ্ট পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান কর্তৃক কোনো নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের মালিক বা অংশীদারের বয়সসীমা নির্ধারণ এবং শারীরিক ও মানসিক সুস্থতার বিষয়ে সংশ্লিষ্ট সিভিল সার্জন বা মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গঠিত ৩ (তিন) সদস্য বিশিষ্ট মেডিকেল বোর্ডের সুপারিশ;

(গ) নিরীক্ষা ফার্মের অংশীদার, অংশীদারের অংশ বা মালিকানা হস্তান্তরের বিষয়ে বিদ্যমান নিষেধাজ্ঞা;

(ঘ) তালিকাভুক্ত নিরীক্ষক ব্যতীত নিরীক্ষা ফার্মের ব্যবস্থাপনার প্রধান বা প্রধান নির্বাহী হইবার বিষয়ে নিষেধাজ্ঞা;

(ঙ) একক মালিকানাধীন বা অংশীদারি নিরীক্ষা ফার্মের কাঠামোগত বা গুরুত্বপূর্ণ তথ্যের পরিবর্তন বিষয়ে নিষেধাজ্ঞা; এবং

(চ) বিধি ৪, ৫ ও ১০ এ উল্লিখিত দলিল, সনদ, যোগ্যতা ও বাছাই কমিটির প্রতিবেদন এবং আনুষঙ্গিক অন্যান্য বিষয়।

১২। **তালিকাভুক্তি বা নবায়নের সিদ্ধান্ত গ্রহণ**।—(১) বিধি ১০ এর অধীন আবেদনকারী কর্তৃক দাখিলকৃত দলিল, তথ্য বা প্রমাণ যাচাই-বাছাই ও পরীক্ষা-নিরীক্ষা সমাপ্তির পর উপ-বিধি (৫) এর অধীন গঠিত তালিকাভুক্তি ও নবায়ন কমিটি এবং বাছাই কমিটির সুপারিশসহ আবেদন প্রাপ্তির অনধিক ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে কাউন্সিলের সভায় উপস্থাপন করিবে, এবং কাউন্সিল—

(ক) যথোপযুক্ত বিবেচিত হইলে আবেদন মঞ্জুর করিবে; বা

(খ) যথোপযুক্ত বিবেচিত না হইলে, কারণ উল্লেখপূর্বক ১৫ (পনেরো) দিনের মধ্যে আবেদনকারীকে আবেদন নামঞ্জুরের বিষয়টি লিখিতভাবে অবহিত করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদনকারীর আবেদন মঞ্জুর বা নামঞ্জুরের বিষয়টি তালিকাভুক্তকরণ ও নবায়ন কমিটি আবেদনকারী ও সংশ্লিষ্ট পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠানকে লিখিতভাবে অবহিত করিবে।

(৩) উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে তালিকাভুক্তি বা নবায়নের আবেদন নিষ্পত্তিকরণ সম্ভব না হইলে, প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠানের হালনাগাদ নিরীক্ষা চর্চা সনদের ভিত্তিতে কাউন্সিলের সিদ্ধান্ত অনুযায়ী বিজ্ঞপ্তি জারির মাধ্যমে আবেদনকারী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি সাময়িকভাবে অব্যাহত রহিয়াছে বলিয়া বিবেচিত হইবে।

(৪) অতিমারি, প্রাকৃতিক দুর্যোগ, জরুরি অবস্থা বা যুক্তিসঙ্গত অন্য কোনো কারণে কাউন্সিল উপ-বিধি (১) এ উল্লিখিত তালিকাভুক্তি বা নবায়নের আবেদন নিষ্পত্তিকরণের সময়সীমা বর্ধিত করিতে পারিবে।

(৫) কাউন্সিলের চেয়ারম্যানকে সভাপতি এবং সকল নির্বাহী পরিচালককে সদস্য করিয়া তালিকাভুক্তি ও নবায়ন কমিটি গঠিত হইবে।

(৬) সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে এবং উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যের মতামতের ভিত্তিতে উপ-বিধি (৫) এ উল্লিখিত কমিটি তালিকাভুক্তি বা নবায়ন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করিবে।

(৭) উপ-বিধি (৫) এ উল্লিখিত কমিটি উহার সিদ্ধান্ত সুপারিশ আকারে কাউন্সিলের নিয়মিত বা বিশেষ সভায় অবগতি, বিবেচনা ও চূড়ান্তকরণের জন্য প্রেরণ করিবে।

(৮) নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির বিষয়ে কাউন্সিলের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(৯) তালিকাভুক্তি ও নবায়ন স্থগিত, বাতিল, পুনর্বিবেচনা, পুনঃস্থাপন বা পুনঃতালিকাভুক্তির ক্ষেত্রে কাউন্সিলের প্রয়োগকারী বিভাগ হইতে আইনগত মতামত গ্রহণপূর্বক কাউন্সিল চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিবে।

১৩। **আবেদন নামঞ্জুর।**—কাউন্সিল নিম্নবর্ণিত কারণে তালিকাভুক্তি বা নবায়নের আবেদন নামঞ্জুর করিতে পারিবে, যথা :—

(ক) অপর্যাপ্ত তথ্য ও দলিল দাখিল বা অসম্পূর্ণভাবে ফরম পূরণ করিলে;

(খ) তথ্য গোপন, অসত্য তথ্য বিবরণী, মিথ্যা অঙ্গীকারনামা, হলফনামা বা ঘোষণাপত্রে মিথ্যা, ভিত্তিহীন ও বিভ্রান্তিকর তথ্য প্রদান করিলে;

(গ) আবেদনকারী উপযুক্ত কোনো আদালত, কাউন্সিল, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান কর্তৃক দণ্ডপ্রাপ্ত বা শাস্তিপ্রাপ্ত হইলে, উক্ত দণ্ড বা শাস্তি ভোগের পর ৬ (ছয়) মাস অতিক্রান্ত না হইলে:

তবে শর্ত থাকে যে, অসদাচরণের অভিযোগে অভিযুক্ত অথবা মামলা বিচারাধীন থাকিলে আবেদন সাময়িক স্থগিত রাখা যাইবে;

(ঘ) ফি পরিশোধ না করিলে; এবং

(ঙ) আইন বা বিধিতে বর্ণিত অন্য কোনো শর্ত লঙ্ঘন করিলে।

১৪। **তালিকাভুক্তি সনদ ও নবায়ন সনদ।**—(১) আবেদনকারী নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের আবেদন বিধি ১২ এর অধীন মঞ্জুর হইলে অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কাউন্সিল সংশ্লিষ্ট আবেদনকারীর অনুকূলে—

(ক) নিরীক্ষক এর ক্ষেত্রে ফরম-৩ অনুযায়ী; এবং

(খ) একক মালিকানাধীন বা অংশীদারি নিরীক্ষা ফার্ম এর ক্ষেত্রে এর ফরম-৪ অনুযায়ী;

তফসিল-২ এ উল্লিখিত ফি গ্রহণ সাপেক্ষে তালিকাভুক্তি সনদ ইস্যু করিবে।

(২) নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি নবায়নের ক্ষেত্রে উপ-বিধি (১) এ উল্লিখিত ফরম অনুযায়ী কাউন্সিল আবেদনকারীর অনুকূলে নবায়ন সনদ ইস্যু করিবে।

(৩) নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম উহার তালিকাভুক্তির মেয়াদ অতিক্রান্ত হইবার অন্যূন ৩ (তিন) মাস পূর্বে তফসিল-২ এ উল্লিখিত ফি জমাদানপূর্বক নবায়নের জন্য আবেদন করিবে এবং যাচাই-বাছাইপূর্বক কাউন্সিল উক্তরূপ আবেদনে সন্তুষ্ট হইলে, তালিকাভুক্তি সনদের মেয়াদ অতিক্রান্ত হইবার ১০ (দশ) দিন পূর্বে নবায়ন সনদ প্রদান করিবে।

(৪) তালিকাভুক্তি সনদ বা নবায়ন সনদ মুদ্রণ ও ইস্যু করিতে বিলম্ব হইলে কাউন্সিল তফসিল-২ অনুযায়ী নির্ধারিত ফি গ্রহণপূর্বক সাময়িক সনদ প্রদান করিতে পারিবে।

১৫। **অনলাইনে তালিকাভুক্তি।**—তালিকাভুক্ত হইতে আগ্রহী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি এই বিধিমালার বিধান অনুযায়ী অনলাইনে বা ইলেকট্রনিক পদ্ধতিতেও করা যাইবে এবং উক্ত ক্ষেত্রে কাউন্সিল আবেদনের পদ্ধতি ও অন্যান্য শর্ত নিজস্ব ওয়েবসাইট বা পত্রিকায় বা উভয় পদ্ধতিতে বিজ্ঞপ্তি দ্বারা সংশ্লিষ্ট সকলকে অবহিত করিবে।

১৬। **তালিকাভুক্তি সনদ ও নবায়ন সনদের মুদ্রিত ও ইলেকট্রনিক অনুলিপি সংরক্ষণ।**—(১) কাউন্সিল প্রত্যেক তালিকাভুক্তি ও নবায়ন সনদ এর অনুলিপি—

(ক) নিরীক্ষক এর ক্ষেত্রে ফরম-৫ অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ করিবে এবং নিরীক্ষা ফার্ম এর ক্ষেত্রে ফরম-৬ অনুযায়ী রেজিস্টারে সংরক্ষণ করিবে; এবং

(খ) ইলেকট্রনিক মাধ্যমে সংরক্ষণ এবং হালনাগাদের উদ্দেশ্যে একটি সার্ভার ও ই-রেজিস্টার প্রস্তুত ও পরিচালনা করিতে পারিবে।

(২) তালিকাভুক্তি সনদ ও নবায়ন সনদ মুদ্রণ ও সংরক্ষণ বিষয়ে তালিকাভুক্তি ও নবায়ন কমিটি, সময় সময়, যেইরূপ প্রয়োজন হয় সেইরূপ কার্যকর পদক্ষেপ গ্রহণ করিবে।

১৭। **তালিকাভুক্ত নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের তথ্য রেজিস্টারে লিপিবদ্ধকরণ।**—(১) কাউন্সিল তালিকাভুক্ত বা নবায়নকৃত নিরীক্ষক এবং নিরীক্ষা ফার্মের প্রয়োজনীয় সকল তথ্য সাধারণভাবে অথবা ই-রেজিস্টারে লিপিবদ্ধ করিতে পারিবে এবং উক্ত তথ্য সম্বলিত একটি ডাটাবেইজ প্রস্তুত, সংরক্ষণ এবং সার্বক্ষণিক হালনাগাদপূর্বক কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ই-রেজিস্টার ও ডাটাবেইজ সংশ্লিষ্ট সকলের ব্যবহারের জন্য সহজলভ্য হইবে এবং সংশ্লিষ্ট সকলকে তথ্য সংগ্রহের জন্য উক্ত ডাটাবেইজ এর নির্দেশনা অনুযায়ী অভিগম্যতার সুযোগ নিশ্চিত করিতে হইবে।

(৩) প্রত্যেক বৎসর (জুলাই হইতে জুন) শেষ হইবার পরবর্তী ৩ (তিন) মাসের মধ্যে কাউন্সিলের দায়িত্বপ্রাপ্ত রেজিস্ট্রার বা কর্মকর্তা তালিকাভুক্ত নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের হালনাগাদ তথ্য কাউন্সিলের সভায় উপস্থাপন করিবেন।

১৮। **নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের কাঠামোগত কোনো তথ্য পরিবর্তন ও হালনাগাদকরণ।**—(১) তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম বা উহার অংশীদার নাম বা রেজিস্টারে লিপিবদ্ধ কোনো তথ্য পরিবর্তন করিতে ইচ্ছুক হইলে পরিবর্তনের সুনির্দিষ্ট কারণ উল্লেখপূর্বক, প্রয়োজনীয় প্রমাণ ও কাগজসহ, তফসিল-২ এ উল্লিখিত ফি প্রদান সাপেক্ষে, ফরম-৭ অনুযায়ী কাউন্সিলের তালিকাভুক্তি ও নবায়ন কমিটির নিকট আবেদন করিবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর তালিকাভুক্তি ও নবায়ন কমিটির সুপারিশের আলোকে কাউন্সিল আবেদনে উল্লিখিত কারণ বিবেচনা করিয়া কাগজাপত্রাদি পরীক্ষা-নিরীক্ষাপূর্বক উল্লিখিত পরিবর্তন করা অপরিহার্য বলিয়া বিবেচনা করিলে আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে চাহিদা অনুযায়ী তথ্য পরিবর্তন করিবে এবং উহার আনুষঙ্গিক পরিবর্তন হিসাবে সংশ্লিষ্ট রেজিস্টার এবং ডাটাবেইজ এর সংশ্লিষ্ট অংশ পরিবর্তন, লিপিবদ্ধকরণ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করিয়া হালনাগাদ করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন কোনো তথ্য পরিবর্তন করা হইলে কাউন্সিল আবেদনকারীসহ সংশ্লিষ্ট নিরীক্ষক, নিরীক্ষা ফার্ম এবং, প্রয়োজনে, পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠানকে উক্তরূপ পরিবর্তন সম্পর্কে অবহিত করিবে।

(৪) উপ-বিধি (২) অনুযায়ী তথ্য পরিবর্তনের কারণে প্রয়োজনে তালিকাভুক্তি সনদের সংশ্লিষ্ট অংশ পরিবর্তন করিবার লক্ষ্যে কাউন্সিল যথাযথ ব্যবস্থা গ্রহণ করিবে এবং, প্রয়োজনে, তাহার অনুকূলে তফসিল-২ এ উল্লিখিত ফি জমা প্রদান সাপেক্ষে সংশোধিত সনদ প্রদান করিবে।

১৯। **বিশেষ নিরীক্ষা সংক্রান্ত কার্যক্রম।**—কাউন্সিল বা তদকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত বা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বা নিয়োগকৃত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম বা নিয়োগকৃত পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, তালিকাভুক্ত কোনো নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কর্তৃক কোনো গুরুতর অনিয়ম বা অন্য কোনোরূপ অনিয়ম হইয়াছে তাহা হইলে কাউন্সিল উক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের বিরুদ্ধে স্বতঃপ্রণোদিত হইয়া তদন্ত, অনুসন্ধান, পুনরীক্ষণ, বিশেষ নিরীক্ষা বা অন্য কোনো আইনগত পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে।

২০। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই বিধিমালা প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই বিধিমালার ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

**তফসিল-১**
**[বিধি ১১(ক) দ্রষ্টব্য]**

কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের মধ্য হইতে নিম্নবর্ণিত জনস্বার্থ সংস্থার নিরীক্ষা সেবা প্রদান বা নিরীক্ষা কর্মসম্পাদনের ক্ষেত্রে বর্ণিত জনস্বার্থ সংস্থার ধরন ও প্রকৃতি অনুযায়ী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি ও নবায়নের জন্য, ক্ষেত্রমত, প্রয়োজনীয় তথ্য

**অংশ-ক**

বাংলাদেশ ব্যাংক এর নিয়ন্ত্রণাধীন ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান বা অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কর্তৃক নিরীক্ষা সেবা প্রদান বা নিরীক্ষা কর্মসম্পাদন সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ, যথা :—

| ক্রমিক নং | আবশ্যক তথ্য | আবশ্যকীয় কাগজপত্র |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১। | নিরীক্ষা ফার্মের নাম, বয়স (ফার্ম প্রতিষ্ঠার তারিখ), সার্টিফিকেট অব প্র্যাকটিসিং ও কাউন্সিলকর্তৃক ইস্যুকৃত তালিকাভুক্তি সনদ | কাউন্সিলকর্তৃক ইস্যুকৃত তালিকাভুক্তি সনদ এবং ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ কর্তৃক প্রদত্ত ফার্মের নাম এবং ফার্ম প্রতিষ্ঠার তারিখ/সন সম্বলিত প্রত্যয়নপত্র ও সার্টিফিকেট অব প্র্যাকটিসিং। |
| ২। | ফার্মের পার্টনারের সংখ্যা, নাম, TIN, BIN, VIN | পার্টনারশিপ ডিডের কপি এবং পার্টনার হিসাবে ফার্মে অন্তর্ভুক্তির অনুমতি ও তারিখ সম্বলিত ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র ও TIN, BIN, VIN, ইত্যাদি। |
| ৩। | বিগত ৩ (তিন) বৎসরে (......... তারিখে) নিরীক্ষিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের সংখ্যা | (ক) নিরীক্ষিত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নাম; এবং<br>(খ) নিরীক্ষা প্রতিবেদন দাখিল করা হইয়াছে মর্মে নিরীক্ষিত প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র। |
| ৪। | কোনো আন্তর্জাতিক সিএ ফার্মের এফিলিয়েটেড ফার্ম/সহযোগী ফার্ম হিসাবে নিরীক্ষা কার্য সম্পাদনের অভিজ্ঞতা | (ক) আন্তর্জাতিক সিএ ফার্মের নাম, সংশ্লিষ্টতার ধরন, প্রকৃতি ও ব্যাপ্তি;<br>(খ) নিরীক্ষক হিসাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র;<br>(গ) নিরীক্ষা প্রতিবেদন দাখিল করা হইয়াছে মর্মে নিরীক্ষিত প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র; এবং<br>(ঘ) নিরীক্ষক হিসাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হইতে ............ সালে অর্জিত টার্নওভার। |

| ক্রমিক নং | আবশ্যক তথ্য | আবশ্যকীয় কাগজপত্র |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৫। | পার্টনারের অভিজ্ঞতা | (ক) ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ কর্তৃক প্রদত্ত Enrollment নম্বর;<br>(খ) পার্টনারের প্রত্যেকের বায়োডাটা; এবং<br>(গ) পার্টনারের অভিজ্ঞতার স্বপক্ষে প্রমাণক। |
| ৬। | পার্টনার ব্যতীত কর্মকর্তার পেশাগত শিক্ষা ও অভিজ্ঞতা | চার্টার্ড একাউন্ট্যান্টের ক্ষেত্রে :<br>(ক) ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ কর্তৃক প্রদত্ত Enrollment নম্বর; এবং<br>(খ) ফার্ম কর্তৃক প্রদত্ত নিয়োগপত্র এবং সংশ্লিষ্ট ব্যক্তির যোগদানপত্র।<br>অন্যান্য কর্মকর্তার ক্ষেত্রে :<br>কোর্স কমপ্লিট ছাত্রদের নাম (যদি থাকে) এবং ফার্মের প্রিন্সিপাল কর্তৃক প্রদত্ত কোর্স সমাপ্তির সার্টিফিকেট। |
| ৭। | অফিস আয়তন (বর্গফুট) | ভাড়ায় অফিসের ক্ষেত্রে ভাড়ার চুক্তিপত্রের কপি এবং নিজ মালিকানাধীন অফিসের ক্ষেত্রে নিজস্ব ঘোষণাপত্র। |
| ৮। | আইটি সিস্টেম | (ক) ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের নিরীক্ষার জন্য সফলভাবে অডিট টুলস্ ব্যবহার করা হইলে উক্ত টুলস্ এর নাম এবং ঘোষণাপত্র;<br>(খ) ফার্মে ইন্টারনেট (ব্যবস্থা) থাকিলে তাহার বিবরণ এবং এতদসংক্রান্ত ঘোষণাপত্র; এবং<br>(গ) ফার্মের নিজস্ব ডাটা বেইজ থাকিলে তাহার বিবরণ এবং এতদসংক্রান্ত ঘোষণাপত্র। |
| ৯। | আইটি প্রফেশনাল এবং আইটি সিস্টেম অডিটের অভিজ্ঞতা | (ক) সার্টিফাইড ইনফরমেশন সিস্টেম অডিটর/চিফ ইনফরমেশন সিকিউরিটি অফিসার/সার্টিফাইড ইনফরমেশন সিস্টেম সিকিউরিটি প্রফেশনাল/ সার্টিফাইড ইনফরমেশন সিকিউরিটি ম্যানেজার/ সার্টিফাইড এনার্জি ম্যানেজার/সার্টিফাইড হার্ডওয়্যার হছিনা হইতে সনদপ্রাপ্ত কর্মকর্তার সংখ্যা;<br>(খ) উক্ত কর্মকর্তার প্রাপ্ত সনদের কপি; এবং<br>(গ) ব্যাংক/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের আইটি সিস্টেম অডিটের অভিজ্ঞতা থাকিলে নিরীক্ষা প্রতিবেদন দাখিল করা হইয়াছে মর্মে নিরীক্ষিত প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র। |

| ক্রমিক নং | আবশ্যক তথ্য | আবশ্যকীয় কাগজপত্র |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১০। | ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ব্যতীত সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত বিভিন্ন প্রতিষ্ঠান নিরীক্ষার অভিজ্ঞতা | বিগত ৩ (তিন) বৎসরে শেয়ার মার্কেটে তালিকাভুক্ত ও অ- তালিকাভুক্ত সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত কমপক্ষে ৫ (পাঁচ) টি প্রতিষ্ঠান নিরীক্ষার অভিজ্ঞতার স্বপক্ষে—<br>(ক) নিরীক্ষক হিসাবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিয়োগপত্র; এবং<br>(খ) নিরীক্ষা প্রতিবেদন দাখিল করা হইয়াছে মর্মে নিরীক্ষিত প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র। |
| ১১। | তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের বিরুদ্ধে বা অংশীদারের বিরুদ্ধে নিয়ন্ত্রণকারী সংস্থা বা কউন্সিল কর্তৃক কোনো শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে বা মামলা-মোকদ্দমা থাকিলে উহার কারণ, বিবরণ ও বর্তমান অবস্থা | |
| ১২। | কাউন্সিল বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক (কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে), সময় সময়, নির্ধারিত অন্য কোনো যোগ্যতা ও তথ্য। | |

**অংশ-খ**

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর অধীন শেয়ারবাজারে তালিকাভুক্ত জনস্বার্থ সংস্থা বা কোম্পানির নিরীক্ষা সেবা প্রদানের ক্ষেত্রে কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের জন্য, ক্ষেত্রমত, প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ, যথা :—

১। তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কর্তৃক শেয়ার বাজারে তালিকাভুক্ত কমপক্ষে ২ (দুই) টি জনস্বার্থ সংস্থার বিগত ২ (দুই) বৎসরের নিরীক্ষা সেবা প্রদানের তথ্য ও প্রকাশিত নিরীক্ষা প্রতিবেদনের কপি।

২। তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের বিরুদ্ধে বা অংশীদারের বিরুদ্ধে কাউন্সিল বা নিয়ন্ত্রণকারী সংস্থা কর্তৃক কোনো শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে বা মামলা-মোকদ্দমা থাকিলে উহার কারণ, বিবরণ ও বর্তমান অবস্থা।

৩। কাউন্সিলকর্তৃক তালিকাভুক্তির সনদ।

৪। নিরীক্ষা ফার্মের নামে E-TIN/TIN সনদ, VAT নিবন্ধন সনদ।

৫। নিরীক্ষা ফার্ম বিদেশি কোনো ফার্মের অধিভুক্ত হইলে, সংশ্লিষ্ট নিরীক্ষা ফার্মের নাম, নিবন্ধনের দেশ, বার্ষিক সম্মিলিত আয় ও আন্তর্জাতিক ক্রমের তথ্য, বিদেশি নিরীক্ষা ফার্মের সহিত চুক্তি এবং অধিভুক্তির সনদ এর কপি।

৬। বিদেশি ফার্ম সংশ্লিষ্ট নিরীক্ষা ফার্মের নিরপেক্ষ পর্যালোচনা করে কিনা, যদি হ্যাঁ হয়, সর্বশেষ পর্যালোচনার কপি।

৭। মানব সম্পদের শ্রেণিবিন্যাসসহ (পার্টনার/যোগ্যতা সম্পন্ন চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট অথবা সার্টিফাইড ম্যানেজম্যান্ট অ্যাকাউন্ট্যান্ট/অভিজ্ঞ নিরীক্ষা কর্মী/অনিরীক্ষা কর্মী/Articled Student) তাহাদের সংখ্যা, একাডেমিক যোগ্যতা, নিরীক্ষা অভিজ্ঞতা ও সংশ্লিষ্ট অনিরীক্ষা অভিজ্ঞতার তালিকা।

৮। নিরীক্ষা ফার্মের ভৌত অবকাঠামোর স্পষ্ট বিবরণ, যাহাতে অন্যান্য বিষয়ের মধ্যে কার্যালয়ের ব্যবহৃত জায়গার পরিমাণ, তথ্য প্রযুক্তিসহ স্থায়ী সম্পদের বিবরণ উল্লেখ করিতে হইবে।

৯। কার্যালয়ের ব্যবহৃত জায়গার মালিকানা/লিজ এর দলিল/চুক্তিনামা।

১০। বিগত ২ (দুই) বৎসরের গুরুত্বপূর্ণ নিরীক্ষা/অনিরীক্ষা কার্যক্রমের বিবরণ, যাহাতে গ্রাহকের নাম, নিরীক্ষা ফি এবং ফার্ম কর্তৃক প্রদত্ত নিরীক্ষা মতামত উল্লেখ থাকিতে হইবে।

১১। সর্বশেষ হিসাব বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী ও ব্যাংক হিসাব বিবরণীসহ নিরীক্ষা ফার্মের বার্ষিক প্রতিবেদন।

১২। বিগত ২ (দুই) বৎসরের মধ্যে কোনো নিয়ন্ত্রণকারী সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট নিরীক্ষা ফার্ম বা তাহার কোনো অংশীদারের বিরুদ্ধে কোনো শাস্তিমূলক ব্যবস্থা গৃহীত হইয়া থাকিলে তাহার কারণ এবং অন্য যে কোনো ব্যবস্থার পূর্ণাঙ্গ বিবরণী।

১৩। নিরীক্ষা ফার্ম কোনো নিরীক্ষা সফটওয়্যার ব্যবহার করে কিনা, যদি করে তাহা হইলে উক্ত সফটওয়্যারের একটি রূপরেখা।

১৪। নিরীক্ষা ফার্মের ইনফরমেশন সিস্টেমস্ অডিট এন্ড কন্ট্রোল এসোসিয়েশন এর সার্টিফাইড ইনফরমেশন সিস্টেম অডিটর রহিয়াছে কিনা।

১৫। নিরীক্ষা ফার্মের গ্রাহকের নিরীক্ষা ঝুঁকি মূল্যায়নের নীতিমালা রহিয়াছে কিনা, থাকিলে সংশ্লিষ্ট নীতিমালা।

১৬। নিরীক্ষা ফার্মের অংশীদারদের নিরীক্ষা নিরপেক্ষতা পর্যালোচনার নীতিমালা এবং তৎসংক্রান্ত সাংগঠনিক পদ্ধতি রহিয়াছে কিনা, থাকিলে সংশ্লিষ্ট নীতিমালা।

১৭। নিরীক্ষা ফার্মের নিরীক্ষা কর্মী ও Articled Student এর দক্ষতা বৃদ্ধির কোনো কর্মসূচি রহিয়াছে কিনা, থাকিলে, বিগত ৩ (তিন) বৎসরের এতদ্‌সংক্রান্ত কার্যক্রমের প্রতিবেদন।

১৮। নিরীক্ষকের একাডেমিক বা শিক্ষাগত যোগ্যতা, পেশাগত যোগ্যতা ও অভিজ্ঞতার তালিকা।

১৯। অংশীদারি নিরীক্ষা ফার্মের ক্ষেত্রে অংশীদারি চুক্তিপত্র ও অংশীদারের বা অংশীদারি চুক্তির বিষয়ে বিবরণ।

২০। কাউন্সিল বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক (কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে), সময় সময়, নির্ধারিত অন্য কোনো যোগ্যতা ও তথ্য।

**অংশ-গ**

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, এনজিও বিষয়ক ব্যুরো, ক্লাব, ট্রাস্ট, সমাজসেবামূলক প্রতিষ্ঠান, অলাভজনক প্রতিষ্ঠান ও বেসরকারি বিশ্ববিদ্যালয় এর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ ইউনির্ভাসিটি গ্রান্টস কমিশন বা অন্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ, ইত্যাদি এর অধীন জনস্বার্থ সংস্থা বা প্রতিষ্ঠানসমূহের নিরীক্ষা সেবা প্রদানের ক্ষেত্রে কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষকের বা নিরীক্ষা ফার্মের জন্য প্রযোজ্য বা, ক্ষেত্রমত, প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ, যথা :—

১। নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের নাম, বয়স (ফার্মের ক্ষেত্রে প্রতিষ্ঠার তারিখ), সার্টিফিকেট অব প্র্যাকটিসিং ও কাউন্সিল কর্তৃক তালিকাভুক্তির সনদ।

২। সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত, মাইক্রোক্রেডিট, এনজিও, স্বেচ্ছাসেবী, সংস্থা, ক্লাব, ট্রাস্ট, সমাজসেবামূলক প্রতিষ্ঠান, বেসরকারি বিশ্ববিদ্যালয়, ব্যাংক, বীমা, আর্থিক প্রতিষ্ঠান, ইত্যাদিতে ন্যূনতম ৩ (তিন) টি নিয়োগের তথ্য ও দলিলসহ কমপক্ষে ২ (দুই) বৎসরের কাজের অভিজ্ঞতা।

৩। কোনো আন্তর্জাতিক চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ফার্মের এফিলিয়েটেড ফার্ম বা সহযোগী ফার্ম হিসাব নিরীক্ষা কার্য সম্পাদনের অভিজ্ঞতা।

৪। অফিস স্পেস, জনবল, Articled Student ও অংশীদারের তথ্য।

৫। IT equipment ও IT skill বা দক্ষতা সম্পর্কিত তথ্য।

৬। ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ অব বাংলাদেশ বা স্বীকৃত দেশি বা বিদেশি প্রতিষ্ঠান কর্তৃক নিরীক্ষা কার্যক্রমের জন্য awarded হইয়া থাকিলে উহার বিবরণ।

৭। ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল, ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ অব বাংলাদেশ, ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস্ অব বাংলাদেশ, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, বাংলাদেশ ব্যাংক, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, এনজিও বিষয়ক ব্যুরো, ইউনির্ভাসিটি গ্রান্টস কমিশন বা অন্য কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা সংস্থা কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম শাস্তিপ্রাপ্ত হইয়া থাকিলে বা মামলা মোকদ্দমা থাকিলে উহার বিবরণ (কারণ, বর্তমান অবস্থা, আদালতের স্থগিতাদেশ থাকিলে তাহার কপি, ইত্যাদি)।

৮। পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত হালনাগাদ সার্টিফিকেট অব প্র্যাকটিসিং ও কাউন্সিল কর্তৃক প্রদত্ত তালিকাভুক্তি বা হালনাগাদ নবায়নের সনদ।

৯। কাউন্সিল বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক (কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে), সময় সময়, নির্ধারিত অন্য কোনো যোগ্যতা ও তথ্য।

**অংশ-ঘ**

বাংলাদেশে কর্মরত ও কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মসমূহের মধ্য হইতে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এর অধীন জনস্বার্থ সংস্থা বা বীমা কোম্পানি এর নিরীক্ষা সেবা প্রদানের নিমিত্ত কাউন্সিল কর্তৃক তালিকাভুক্ত ফার্মসমূহ দ্বারা বিধিবদ্ধ নিরীক্ষা, বিশেষ নিরীক্ষা, তদন্ত (Investigation), সম্পত্তি মূল্যায়নসহ কাউন্সিলের অন্যান্য কার্যক্রম পরিচালনা করিবার লক্ষ্যে, ক্ষেত্রমত, প্রয়োজনীয় তথ্য নিম্নরূপ, যথা :—

(১) **আবেদনের যোগ্যতা: আবেদনকারী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের নিম্নরূপ যোগ্যতা থাকিতে হইবে, যথা :—**

(অ) নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কাউন্সিলকর্তৃক তালিকাভুক্ত চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট হইবেন;

(আ) নিরীক্ষা ফার্ম চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টগণের একটি অংশীদারি সংস্থা হইতে হইবে এবং Bangladesh Chartered Accountants Order, 1973 (President's Order No. 2 of 1973) মোতাবেক—

(ক) বিদেশি অডিট ফার্মের সহিত এফিলিয়েশন রহিয়াছে এইরূপ ফার্মের ক্ষেত্রে ২ (দুই) জন ফেলো অংশীদার; অথবা

(খ) বিদেশি অডিট সহিত ফার্মের এফিলিয়েশন নেই এইরূপ ফার্মের ক্ষেত্রে ৪ (চার) জন অংশীদার থাকিতে হইবে;

(ই) বিদেশি ফার্মের সহিত এফিলিয়েশন থাকুক বা না থাকুক, আবেদনকারী অডিট ফার্মের ২ (দুই) জন ফেলো অংশীদারের ন্যূনতম ৭ (সাত) বৎসরের প্র্যাকটিসিং অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং

(ঈ) নিরীক্ষা ফার্মের প্রত্যেক অংশীদারের কমপক্ষে ৫ (পাঁচ) জন নিরীক্ষা স্টাফ থাকিতে হইবে।

(২) **আবেদনের অযোগ্যতা: অডিট প্যানেলে তালিকাভুক্তির অযোগ্য হইবেন, যদি—**

(অ) আবেদনকারী নিরীক্ষক বা ফার্মের কোনো অংশীদার উপযুক্ত আদালত কর্তৃক কোনো অপরাধের জন্য দোষী সাব্যস্ত বা দন্ডিত হইয়া থাকেন; এবং

(আ) আবেদনকারী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের কোনো অংশীদার কাউন্সিল কর্তৃক শাস্তিপ্রাপ্ত হইয়া থাকেন।

(৩) **আবেদনের সংযুক্তি: আবেদনের সহিত নিম্নলিখিত দলিল জমা প্রদান করিতে হইবে, যথা :—**

(অ) কাউন্সিলকর্তৃক ইস্যুকৃত প্রদত্ত তালিকাভুক্তির সনদ;

(আ) ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট অব প্র্যাকটিসিং এর অনুলিপি;

(ই) বিদেশি ফার্মের সহিত এফিলিয়েটেড অডিট ফর্মের ক্ষেত্রে চুক্তি বা সমঝোতা স্মারক এর অনুলিপি এবং পিরিয়ডিক রিভিউ এর সমর্থনে দলিল;

(ঈ) অন্য কোনো রেগুলেটরের অধীনে তালিকাভুক্ত হইয়া থাকিলে তাহার সনদ বা তালিকাভুক্তির প্রমাণ এবং তালিকাভুক্তির বিপরীতে পরিচালিত অডিট কার্যক্রমের তালিকা;

(উ) প্রাক্টিসিং অংশীদারের নাম, অভিজ্ঞতার বৎসর, এনরোলমেন্ট নম্বর, আপডেটেড বায়োডাটাসহ ফার্মের প্রোফাইল;

(ঊ) কোনো অংশীদার বা ফার্মের বিরুদ্ধে ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ অব বাংলাদেশ কর্তৃক ইতোপূর্বে কোনো প্রকার শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি মর্মে ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস্ অব বাংলাদেশ এর প্রত্যয়নপত্র;

(ঋ) অডিট ফার্মের অংশীদারিত্বের দলিলের অনুলিপি; এবং

(এ) আবেদনকারী নিরীক্ষা সংস্থা ও এর অংশীদারের বা নিরীক্ষকের কাহারও কোনো অযোগ্যতা অংশ-খ অনুযায়ী কোনো প্রয়োজনীয় তথ্যের ঘাটতি নেই মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে নোটারাইজড হলফনামা।

(৪) কাউন্সিল বা নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক (কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে), সময় সময়, নির্ধারিত অন্য কোনো যোগ্যতা ও তথ্য।

**অংশ-৬**

## তালিকাভুক্তি বিষয়ক সাধারণ বিধানাবলি

১। নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ বা সংস্থা বা ব্যুরো কর্তৃক জনস্বার্থ সংস্থার নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুত ও জমা প্রদান বিষয়ে কোনো সার্কুলার বা নির্দেশনা থাকিলে উহা তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কর্তৃক অনুসরণ করা হইবে মর্মে অঙ্গীকার বা ঘোষণা।

২। কাউন্সিল কর্তৃক নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির পর আইন ও বিধিমালার সহিত সামঞ্জস্য রাখিয়া তফসিল-১ এর অংশসমূহে উল্লিখিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ উক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের সেবা গ্রহণের ক্ষেত্রে তদ্‌ধীন জনস্বার্থ সংস্থাসমূহ বা প্রতিষ্ঠানসমূহকে নির্দেশনা প্রদান করিবে।

৩। তালিকাভুক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের নিরীক্ষা প্রতিবেদন আইনের বিধান অনুযায়ী উপস্থাপন করা না হইলে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ উক্ত নিরীক্ষা প্রতিবেদন ও সংযুক্ত দলিল গ্রহণ করিবেন না।

৪। (ক) যোগ্যতা থাকা সত্ত্বেও কোনো নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম ব্যাংকের নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম হিসাবে নিযুক্ত না হইলে বা নিরীক্ষা সেবা প্রদান না করিলে উক্ত নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম কোনো ব্যাংকের নগদ সহায়তা নিরীক্ষা (ক্যাশ ইন্সেন্টিভ অডিট) এর কাজে সম্পৃক্ত হইতে পারিবেন না; এবং

(খ) কোনো নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম যেই ব্যাংকের নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম হিসাবে নিযুক্ত হইয়াছেন বা নিরীক্ষা সেবা প্রদান করিতেছেন সেই একই নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম সংশ্লিষ্ট অর্থ বৎসরে ঐ একই ব্যাংকের নগদ সহায়তা নিরীক্ষা (ক্যাশ ইন্সেন্টিভ অডিট) করিতে পারিবেন না অর্থাৎ একটি ব্যাংকের নিরীক্ষা ও ক্যাশ ইন্সেন্টিভ অডিট আলাদা নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম দ্বারা সম্পন্ন করিতে হইবে এবং এই বিধান অন্যান্য জনস্বার্থ সংস্থার ক্ষেত্রেও সমভাবে প্রযোজ্য হইবে।

৫। কাউন্সিলের অনুমোদন সাপেক্ষে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের মতামত বা সুপারিশের আলোকে এই তফসিলে বর্ণিত শর্তাবলি বা প্রয়োজনীয় তথ্য, সময় সময়, পরিবর্তন, সংযোজন, বিয়োজন বা সংশোধন করা যাইবে।

## তফসিল-২

[বিধি ৬(১)(২)(৪)(৫), ৯(১)(২), ১৪(১)(৩)(৪) ও ১৮(১)(৪) দ্রষ্টব্য]

### নিরীক্ষক ও নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি ও নবায়ন ফি

| ক্রমিক নং | আবেদনকারীর ধরন | তালিকাভুক্তির ফি (বার্ষিক) টাকায় | নবায়ন ফি (বার্ষিক) টাকায় |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | নিরীক্ষক (আর্থিক বিবরণী ও প্রতিবেদন নিরীক্ষার জন্য) | ৫০০০/- | ২৫০০/- |
| ২। | নিরীক্ষক (কস্ট নিরীক্ষার জন্য) | ৩০০০/- | ১৫০০/- |
| ৩। | একক মালিকানাধীন বা একক নিরীক্ষা ফার্ম | ৫০০০/- | ২৫০০/- |
| ৪। | অংশীদারি নিরীক্ষা ফার্ম (৫ জন পর্যন্ত অংশীদার বা নিরীক্ষক) | ১৫০০০/- | ৭৫০০/- |
| ৫। | অংশীদারি নিরীক্ষা ফার্ম (৫ জনের অধিক কিন্তু ১০ জন পর্যন্ত অংশীদার বা নিরীক্ষক) | ৩০০০০/- | ১৫,০০০/- |
| ৬। | অংশীদারি নিরীক্ষা ফার্ম (১০ জনের অধিক কিন্তু ২০ জন পর্যন্ত অংশীদার বা নিরীক্ষক) | ৫০০০০/- | ২৫০০০/- |
| ৭। | নিরীক্ষা ফার্মের শাখা (প্রত্যেক শাখার জন্য) | ৫০০০/- | ২৫০০/- |
| ৮। | বিলম্ব ফি | সর্বনিম্ন ৫০০/- ও সর্বোচ্চ তালিকাভুক্তির ফি এর সমান | সর্বনিম্ন ৫০০/- ও সর্বোচ্চ নবায়নের ফি এর সমান |
| ৯। | তথ্য পরিবর্তন ফি | ১০০০/- | ১০০০/- |
| ১০। | সনদ বা সাময়িক সনদ ফি (তালিকাভুক্তি ও নবায়ন) | ১০০০/- | ১০০০/- |
| ১১। | সনদ সংশোধনের ফি | ১০০০/- | ১০০০/- |

* তফসিলের ক্রমিক নং ৮ এ উল্লিখিত সর্বোচ্চ বিলম্ব ফি নির্ধারণের ক্ষেত্রে বিলম্বের সময়সীমা বা গড় মাসিক হিসাব ১২ (বারো) মাসের ভগ্নাংশ হিসাবে বিবেচনা করা যাইবে।

**তফসিল-৩**

**[বিধি ৪ দ্রষ্টব্য]**

নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তির জন্য আবেদনকারী কর্তৃক দাখিলতব্য দলিল ও তথ্য

তালিকাভুক্তির জন্য আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিল বা তথ্য দাখিল করিতে হইবে, যথা:―

(ক) নিরীক্ষকের ক্ষেত্রে―

(অ) সংশ্লিষ্ট পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠানের সদস্য সনদ বা পেশাদারি অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠানের পরীক্ষায় উত্তীর্ণের সনদ বা সংশ্লিষ্ট পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান কর্তৃক উক্ত সনদের বিষয়ে প্রত্যয়নপত্রের অনুলিপি;

(আ) নিরীক্ষকের কর সনাক্তকরণ নম্বর (E-TIN বা TIN) ও আয়কর প্রদানের বা রিটার্ন জমার হালনাগাদ প্রত্যয়নপত্র;

(ই) প্রযোজ্য ক্ষেত্রে, নিরীক্ষকের বা নিরীক্ষা ফার্মের অংশীদার বা মালিকের নামে সংশ্লিষ্ট পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ নিরীক্ষা চর্চা সনদের অনুলিপি;

(ঈ) তফসিল-২ এ নির্ধারিত ফি জমার রসিদ;

(উ) নিরীক্ষকের ২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি; এবং

(ঊ) নিরীক্ষকের জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের অনুলিপি;

(খ) নিরীক্ষা ফার্মের ক্ষেত্রে―

(অ) নিরীক্ষা ফার্মের হালনাগাদ ফার্ম প্রোফাইল;

(আ) নিরীক্ষা ফার্মের শাখা অফিসের সংখ্যা, শাখার নাম, ঠিকানা, ই-মেইল, মোবাইল বা ফোন নম্বর এবং অংশীদারের বিস্তারিত বিবরণ;

(ই) প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ নিরীক্ষা ফার্মের মালিক বা অংশীদারের নামে নিরীক্ষা চর্চা সনদের অনুলিপি;

(ঈ) অংশীদারি নিরীক্ষা ফার্মের ক্ষেত্রে অংশীদারি চুক্তি বা লিখিত চুক্তিপত্রের অনুলিপি (চুক্তিপত্রে অংশীদারের লাভ-ক্ষতি বা আয়-ব্যয় এবং দায় বণ্টন সংক্রান্ত সুনির্দিষ্ট শর্ত থাকিতে হইবে এবং নিরীক্ষা ফার্ম ও উহার অংশীদারের আয় বা আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে পরিচালনা করিবার শর্ত ও উক্তরূপ অঙ্গীকার চুক্তিতে উল্লেখ থাকিতে হইবে);

(উ) নিরীক্ষা ফার্মের নামে ট্রেড লাইসেন্স বা ট্রেড লাইসেন্স নবায়নের হালনাগাদ কপি;

(ঊ) তফসিল-২ এ নির্ধারিত ফি জমার রসিদ;

(ঋ) নিরীক্ষা ফার্মের প্রত্যেক অংশীদারের ২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি;

(এ) নিরীক্ষা ফার্মের প্রত্যেক অংশীদারের নাম, ঠিকানা, পদবি, নিরীক্ষা চর্চা সনদ এবং জাতীয় পরিচয়পত্র বা পাসপোর্টের কপি;

(ঐ) নিরীক্ষা ফার্ম রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানিজ এন্ড ফার্মে নিবন্ধিত হইলে উক্ত নিবন্ধন সনদের অনুলিপি;

(ও) নিরীক্ষা ফার্ম ও অংশীদারের নামে আয়কর প্রদানের বা রিটার্ন জমার হালনাগাদ প্রত্যয়নপত্র ও ফার্মের নামে হালনাগাদ ভ্যাট দাখিলের স্বপক্ষে প্রত্যয়নপত্র; এবং

(ঔ) নিরীক্ষা ফার্ম বা উহার অংশীদার কর্তৃক চলমান নিরীক্ষা কার্যের তালিকা এবং নিরীক্ষা ফি গ্রহণ সম্পর্কিত চুক্তি ও বর্ণনা।

(২) কাউন্সিল, প্রয়োজনে, নিম্নবর্ণিত দলিল বা তথ্য দাখিলের জন্য আবেদনকারীকে নির্দেশ প্রদান করিতে পারিবে, যথা :—

(ক) প্রযোজ্য ক্ষেত্রে, বিধি ৫ এ উল্লিখিত যোগ্যতা প্রমাণের স্বপক্ষে দলিল;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে, বিধি ১১ এ উল্লিখিত বিষয়;

(গ) প্রযোজ্য ক্ষেত্রে, অন্য যে কোনো দলিল বা সার্টিফিকেট বা লাইসেন্স বা চুক্তির অনুলিপি বা তালিকাভুক্তি বিষয়ে আবেদনকারীর সাক্ষাৎকার ও পরীক্ষা পদ্ধতি, ইত্যাদি;

(ঘ) প্রযোজ্য ক্ষেত্রে, তফসিল-১ এ উল্লিখিত প্রয়োজনীয় তথ্য;

(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে, সংশ্লিষ্ট পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠানের নিকট দাখিলকৃত বিগত ১ (এক) বৎসরের নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের বার্ষিক রিটার্নের কপি;

(চ) আবেদনকারী নিরীক্ষক বা নিরীক্ষা ফার্ম যদি আন্তর্জাতিকভাবে স্বীকৃত কোনো নিরীক্ষা সেবা, নিরীক্ষা সংক্রান্ত নেটওয়ার্কের অন্তর্ভুক্ত বা অংশ হয় তাহা হইলে উক্ত নেটওয়ার্কের বা প্রতিষ্ঠানের সহিত সম্পর্কের দালিলিক প্রমাণের কপি;

(ছ) বিগত ৩ (তিন) বৎসরে নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের বিরুদ্ধে পেশাদারি অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান বা অন্য কোনো নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিয়াছে কিনা তদ্‌সম্পর্কিত তথ্য বা প্রত্যয়নপত্র; এবং

(জ) কাউন্সিল কর্তৃক, সময় সময়, যাচিত অন্য কোনো তথ্য।

**ফরম-১**
**[বিধি ৩(১) দ্রষ্টব্য]**
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**
নিরীক্ষক তালিকাভুক্তি বা নবায়ন আবেদন ফরম
(উপযুক্ত স্থানে টিক দিন বা শূন্যস্থান পূরণ করুন)

**প্রথম অংশ**
**আবেদনকারীর বিস্তারিত তথ্য**

নিবন্ধন নং ও তারিখ (কাউন্সিল কর্তৃক পূরণীয়) :

১। আবেদনকারীর নাম :

মাতার নাম : পিতার নাম :

২। আবেদনকারীর ঠিকানা:

৩। জাতীয় পরিচয়পত্র নম্বর (NID) :

৪। আবেদনকারীর পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠানের সদস্য নং ও কার্যক্রম আরম্ভের তারিখ :

৫। আবেদনকারীর কার্যালয়, টেলিফোন নম্বর ও ই-মেইল ঠিকানা :

৬। ইহা কি আবেদনকারীর একমাত্র কার্যালয় : হ্যাঁ/না ('না' হইলে, অন্যান্য কার্যালয়ের ঠিকানা নিম্নে স্পষ্ট করিয়া উল্লেখ করুন) : ................ অন্যান্য কার্যালয়ের ঠিকানা : (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন) ............... ফোন :.................. ফ্যাক্স : ............ ই-মেইল : ...............

৭। আবেদনকারী একক বা কোনো নিরীক্ষা ফার্মের অংশীদার বা কর্মকর্তা হইলে উহার নাম ও অংশীদারের তালিকা (অংশীদারি ফার্মের ক্ষেত্রে) (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন ও অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন):

| ক্রমিক নং | নাম ও পদবি | TIN | NID | মাতা ও পিতার নাম | ঠিকানা ও ফোন নম্বর | জন্ম তারিখ | জাতীয়তা | ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ/ ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্ট্যাস অব বাংলাদেশ (প্রযোজ্য ক্ষেত্রে) সদস্য নং ও তারিখ | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ১। | | | | | | | | | |
| ২। | | | | | | | | | |
| ৩। | | | | | | | | | |
| ৪। | | | | | | | | | |
| ৫। | | | | | | | | | |

৮। অন্যান্য তথ্য :

তারিখ : আবেদনকারীর স্বাক্ষর

পদবি :

সিল :

## দ্বিতীয় অংশ
## হলফনামা

আমি..............................................পিতা..........................................

মাতা................................................ঠিকানা..................................................
.................. NID ................................................. এই মর্মে ঘোষণা করিতেছি যে, আমার দাখিলকৃত আবেদন ফরমে উল্লিখিত তথ্যসমূহ সঠিক ও নির্ভুল।

উপর্যুক্ত তথ্য প্রদানের ক্ষেত্রে কোনোরূপ মিথ্যাচার করা হয় নাই বা তথ্য গোপন করা হয় নাই এবং কাউন্সিল(নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি ................এর উপ-বিধি ........................ অনুযায়ী দাখিলীকৃত সকল কাগজপত্র প্রমাণিত সত্য ও সঠিক।

আমি আরও অঙ্গীকার করিতেছি যে, তালিকাভুক্ত সনদের সকল শর্তাবলি মানিয়া চলিব এবং কোনো শর্ত লঙ্ঘন করিব না এবং নিরীক্ষা চর্চার ক্ষেত্রে গুণগত মান রক্ষা করিব, পেশাগত সততা ও দক্ষতা বজায় রাখিব, দেশের সর্বোচ্চ স্বার্থ সুরক্ষা করিব এবং ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এবং তদধীন প্রণীত বিধিমালার বিধানাবলি, প্রযোজ্য ক্ষেত্রে, যথাযথভাবে অনুসরণ করিব।

উপরি-বর্ণিত ঘোষণার কোনো ব্যতিক্রম বা বরখেলাপ হইলে বা কোনো তথ্য মিথ্যা বলিয়া প্রমাণিত হইলে বা ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এবং তদধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালার বিধানাবলি লঙ্ঘন করিলে বা পেশাগত অসদাচরণের দায়ে দোষী সাব্যস্ত হইলে কাউন্সিল বা আমার ক্ষেত্রে প্রযোজ্য পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

তারিখ :.................... আবেদনকারী বা ঘোষণাকারীর স্বাক্ষর (সিলসহ) : ..............................

নাম (স্পষ্টাক্ষরে) : ......................................................................................

আবেদনকারী একক বা কোনো নিরীক্ষা ফার্ম বা উহার মালিক বা অংশীদার বা কর্মকর্তা হইলে উহার নাম ও ঠিকানা : ............................................................................................

তারিখ : .....................................

* অংশীদারি ফার্মের সদস্য বা মালিক, অংশীদার, কর্মকর্তা হইলে উহার সিল :

**বিশেষ দ্রষ্টব্য:** এই হলফনামাটি স্ট্যাম্প এ্যাক্ট, ১৮৯৯ এর বিধান অনুসারে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে সম্পাদন করিতে হইবে।

**ফরম-২**

**[বিধি ৩(১) দ্রষ্টব্য]**

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি বা নবায়নের আবেদন ফরম

(উপযুক্ত স্থানে টিক দিন বা শূণ্যস্থান পূরণ করুন)

**প্রথম অংশ**

**নিরীক্ষা ফার্মের বিস্তারিত তথ্য**

নিবন্ধন নং ও তারিখ (কাউন্সিল কর্তৃক পূরণীয়) :...........................................................

১। ফার্মের নাম : ফার্মের ধরন : একক মালিকানাধীন/অংশীদারি

২। ফার্মের ঠিকানা :

৩। ফার্মের কার্যক্রম শুরুর তারিখ ও রেজিস্ট্রেশন (যদি থাকে) :

৪। ফার্মের টেলিফোন নম্বর ও ই-মেইল ঠিকানা :

৫। ইহা কি নিরীক্ষা ফার্মের একমাত্র কার্যালয়: হ্যাঁ/না (‘না’ হইলে, অন্যান্য কার্যালয়ের ঠিকানা নিম্নে স্পষ্ট করিয়া উল্লেখ করুন) :

অন্যান্য কার্যালয়ের ঠিকানা: (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন)

..........................................................................................................................

ফোন :............................... ফ্যাক্স :.........................ই-মেইল :...............................

৬। অংশীদারের তালিকা (অংশীদারি ফার্মের ক্ষেত্রে) (প্রয়োজনে পৃথক কাগজ ব্যবহার করুন ও অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন) :

| ক্রমিক নং | নাম ও পদবি | NID ও TIN | পিতা ও মাতার নাম | ঠিকানা ও ফোন নম্বর | জন্ম তারিখ | জাতীয়তা | ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ/ ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (প্রযোজ্য ক্ষেত্রে) সদস্য নং ও তারিখ | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| ১। | | | | | | | | |
| ২। | | | | | | | | |
| ৩। | | | | | | | | |
| ৪। | | | | | | | | |
| ৫। | | | | | | | | |

৭। অন্যান্য তথ্য :

আবেদনকারীর স্বাক্ষর

তারিখ:

পদবি:

সিল:

## দ্বিতীয় অংশ

## হলফনামা

আমি বা আমরা এই মর্মে ঘোষণা করিতেছি যে,—

১। দাখিলকৃত আবেদন ফরমে উল্লিখিত তথ্যসমূহ সঠিক ও নির্ভুল।

উপর্যুক্ত তথ্য প্রদানের ক্ষেত্রে কোনোরূপ মিথ্যাচার করা হয় নাই বা তথ্য গোপন করা হয় নাই এবং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি................. এর বিধান অনুসারে দাখিলীকৃত সকল কাগজ সত্য ও সঠিক।

২। আমি বা আমরা বাংলাদেশের নাগরিক বা স্থায়ী বাসিন্দা।

৩। আমি বা আমরা পেশাদারি অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ/ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (প্রযোজ্য ক্ষেত্রে) এর সদস্য হিসাবে নিবন্ধিত।

৪। আমি বা আমরা অন্যূন ২১ (একুশ) বৎসর বয়সী এবং এই বিধিমালা অনুযায়ী তালিকাভুক্তির যোগ্য।

৫। এই ফরমে উল্লিখিত তথ্য, সংযুক্ত দলিল ও কাগজের সঠিকতা ও বৈধতা এবং এই আবেদন সম্পর্কিত অন্য যে কোনো বিষয়ে যাচাই এর জন্য কাউন্সিলকে অনুমতি প্রদান করিতেছি।

৬। আইন এবং তদধীন প্রণীত বিধিমালা, প্রবিধানমালা, অডিট স্ট্যান্ডার্ড, ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসহ সকল ধরনের স্ট্যান্ডার্ড, কোড, গাইডলাইন এর বিধানাবলি ও কাউন্সিলের নির্দেশনা যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করিব।

৭। আইন এবং তদধীন প্রণীত বিধিমালার অধীন কর্মসম্পাদনের ক্ষেত্রে পেশাগত সততা ও দক্ষতা বজায় রাখিব।

৮। আইন এবং এই বিধিমালার অধীন কর্মসম্পাদনের ক্ষেত্রে গুণগত মান নিশ্চয়তার পদ্ধতি অনুসরণ করিব।

৯। অভিযোগ নিষ্পত্তির জন্য অনিয়ম বা গুরুতর অনিয়ম কাউন্সিল এর গোচরে আনিব ও কাউন্সিলের নির্দেশনা অনুযায়ী যথাযথ পদ্ধতি প্রণয়ন, সংরক্ষণ ও অনুসরণ করিব।

তারিখ : ......................আবেদনকারী বা ঘোষণাকারীর স্বাক্ষর (সিলসহ) : ............................

নাম (স্পষ্টাক্ষরে) : ..........................................................................................

নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার এর নাম ও ঠিকানা : ..................................................

তারিখ : .....................................

* অংশীদারি ফার্ম হইলে ক্ষমতাপ্রাপ্ত যে কোনো অংশীদার।

সিল:

**বিশেষ দ্রষ্টব্য** : এই হলফনামাটি স্ট্যাম্প এ্যাক্ট, ১৮৯৯ এর বিধান অনুসারে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে পৃথকভাবে আবেদনকারী ও সকল অংশীদারগণ কর্তৃক সম্পাদন করিতে হইবে।

**ফরম-৩**

**[বিধি ১৪(১)(ক) দ্রষ্টব্য]**

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

নিরীক্ষক তালিকাভুক্তি সনদ/নবায়ন সনদ

সনদ নম্বর : ................ প্রদানের তারিখ : ................ সনদের মেয়াদ : ..................

ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নিবন্ধন তালিকাভুক্তি নং : ..................................... ও তালিকাভুক্তির তারিখ :.......................................................তালিকাভুক্তি নবায়নের তারিখ: .......................................................ধরন : ...........................................

বরাবর,

নাম : ------------------------ মাতা : --------------------- পিতা : .............................

জন্ম তারিখ : ---------------------------------------------পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠানের নাম, সদস্য নং ও তারিখ : ------------------------------------------------------------------------

ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৩২ এবং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি ১৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কাউন্সিল নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে আপনাকে এতদ্দ্বারা তালিকাভুক্ত হিসাবে সনদ প্রদান করিল, যথা :—

**শর্তাবলি:**

১। আপনি আইন বা এই বিধিমালার অধীন কাউন্সিল কর্তৃক যাচিত যে কোনো তথ্য বা কাগজ দাখিল করিতে বাধ্য থাকিবেন।

২। কাউন্সিল আপনার বিরুদ্ধে উত্থাপিত যে কোনো অসৎ নিরীক্ষা চর্চা, অবহেলা, পেশাগত অসদাচরণের অভিযোগের সুষ্ঠু তদন্তের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং অভিযোগ প্রমাণিত হইলে আপনার বিরুদ্ধে আইন ও বিধি অনুযায়ী যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৩। আপনাকে আইন ও তদধীন প্রণীত বিধিমালা, অডিটিং স্ট্যান্ডার্ড, ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসহ সকল ধরনের স্ট্যান্ডার্ড, কোড, গাইডলাইন বা প্রবিধানের বিধান ও শর্তাবলি যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করিতে হইবে।

৪। আপনাকে আইন ও এই বিধিমালার অধীন কর্মসম্পাদনের ক্ষেত্রে দেশের সর্বোচ্চ স্বার্থ সুরক্ষা এবং পেশাগত সততা ও নৈতিকতা, সুনাম ও দক্ষতা বজায় রাখিতে হইবে।

৫। কর্মসম্পাদনের ক্ষেত্রে গুণগত মান নিশ্চয়তার পদ্ধতি প্রণয়ন, সংরক্ষণ ও অনুসরণ করিতে হইবে।

৬। আপনাকে জনস্বার্থ সংস্থার অনিয়ম বা গুরুতর অনিয়ম কাউন্সিলের নজরে আনিতে হইবে এবং অভিযোগ নিষ্পত্তির জন্য যথাযথ পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

৭। আইন বা এই বিধিমালার অধীন আপনার বিরুদ্ধে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে বা ধারা ৩৩, ৩৪, ৩৫ বা ক্ষেত্রমত, ধারা ৪৬ এ বর্ণিত বিধানাবলি অনুসরণে কাউন্সিল আপনার বিরুদ্ধে যে কোনো ব্যবস্থা গ্রহণ, তদন্ত, সনদ স্থগিত বা বাতিলসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিলে আপনি উহা মানিয়া লইতে বাধ্য থাকিবেন।

প্রয়োজনীয় তথ্য : তফসিল-১ এ বর্ণিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অধীন জনস্বার্থ সংস্থা, যথা...............এর ক্ষেত্রে নিরীক্ষা পেশা সম্পর্কিত সেবা প্রদান করিতে পারিবে অথবা পারিবে না।

চেয়ারম্যান,

**ফরম-৪**

**[বিধি ১৪(১)(খ) দ্রষ্টব্য]**

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

একক মালিকানাধীন বা অংশীদারি নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি সনদ/নবায়ন সনদ

সনদ নম্বর : ................ প্রদানের তারিখ : ................. সনদের মেয়াদ : .................

ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের নিবন্ধন তালিকাভুক্তি নং : ...................................ও তালিকাভুক্তির তারিখ : ................................................. নিরীক্ষা ফার্মের তালিকাভুক্তি নবায়নের তারিখ : ..................................ধরন :...................................................

বরাবর,

নাম :.........................................................................................................

ঠিকানা :.........................................................................................................

পেশাদার অ্যাকাউন্ট্যান্সি প্রতিষ্ঠানের নাম, সদস্য নং ও তারিখ : ...........................................
.........................................................................................................................

ফাইনান্সিয়াল রিপোর্টিং আইন, ২০১৫ (২০১৫ সনের ১৬ নং আইন) এর ধারা ৩২ এবং কাউন্সিল (নিরীক্ষক ও নিরীক্ষা ফার্ম তালিকাভুক্তি) বিধিমালা, ২০২২ এর বিধি ১৪ এ প্রদত্ত ক্ষমতাবলে কাউন্সিল নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে উক্ত ফার্মকে এতদ্দ্বারা তালিকাভুক্ত নিরীক্ষা ফার্ম (একক মালিকানাধীন বা অংশীদারি) হিসাবে সনদ প্রদান করিল, যথা :—

**শর্তাবলি:**

১। নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার, আইন বা এই বিধিমালার অধীন কাউন্সিল কর্তৃক যাচিত যে কোনো তথ্য বা কাগজ দাখিল করিতে বাধ্য থাকিবেন।

২। কাউন্সিল নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার এর বিরুদ্ধে উত্থাপিত যে কোনো অসৎ নিরীক্ষা চর্চা, অবহেলা, পেশাগত অসদাচরণের অভিযোগের সুষ্ঠু তদন্তের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে এবং অভিযোগ প্রমাণিত হইলে উহার বিরুদ্ধে আইন ও বিধি অনুযায়ী যে কোনো ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

৩। নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার কর্তৃক আইন ও তদধীন প্রণীত বিধিমালা, অডিটিং স্ট্যান্ডার্ড, ফাইনান্সিয়াল রিপোর্টিং স্ট্যান্ডার্ডসহ সকল ধরনের স্ট্যান্ডার্ড, কোড, গাইডলাইন বা প্রবিধানের বিধান ও শর্তাবলি যথাযথভাবে অনুসরণ ও প্রতিপালন করিতে হইবে।

৪। নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার কর্তৃক আইন ও এই বিধিমালার অধীন কর্মসম্পাদনের ক্ষেত্রে দেশের সর্বোচ্চ স্বার্থ সুরক্ষা এবং পেশাগত সততা ও নৈতিকতা, সুনাম ও দক্ষতা বজায় রাখিতে হইবে।

৫। কর্মসম্পাদনের ক্ষেত্রে গুণগত মান নিশ্চয়তার পদ্ধতি প্রণয়ন, সংরক্ষণ ও অনুসরণ করিতে হইবে।

৬। নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদার কর্তৃক জনস্বার্থ সংস্থার অনিয়ম বা গুরুতর অনিয়ম কাউন্সিলের নজরে আনিতে হইবে এবং অভিযোগ নিষ্পত্তির জন্য যথাযথ পদ্ধতি অনুসরণ করিতে হইবে।

৭। আইন বা এই বিধিমালার অধীন নিরীক্ষা ফার্ম বা মালিক বা অংশীদারের বিরুদ্ধে কোনো আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হইলে বা ধারা ৩৩, ৩৪, ৩৫ বা ক্ষেত্রমত, ধারা ৪৬ এ বর্ণিত বিধানাবলি অনুসরণে কাউন্সিল উহার বিরুদ্ধে যে কোনো ব্যবস্থা গ্রহণ, তদন্ত, সনদ স্থগিত বা বাতিলসহ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করিলে নিরীক্ষা ফার্ম বা উহার মালিক বা অংশীদার তাহা মানিয়া লইতে বাধ্য থাকিবেন।

প্রয়োজনীয় তথ্য : তফসিল-১ এ বর্ণিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের অধীন জনস্বার্থ সংস্থা, যথা.....................................এর ক্ষেত্রে নিরীক্ষা পেশা সম্পর্কিত সেবা প্রদান করিতে পারিবে অথবা পারিবে না।

চেয়ারম্যান,

**ফরম-৫**

**[বিধি ১৬(১)(ক) দ্রষ্টব্য]**

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

তালিকাভুক্ত নিরীক্ষক রেজিস্টার ফরম

| ক্রমিক নং | নিরীক্ষকের নাম | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক প্রদত্ত নিবন্ধন নং ও তারিখ | যোগাযোগের ঠিকানা | তালিকাভুক্তির তারিখ/সনদ নং | ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ/ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ (প্রযোজ্য ক্ষেত্রে) সদস্য নং | ফি প্রদান সম্পর্কিত তথ্য | নবায়নের তারিখ ও মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

- ৬ নং কলামে উল্লিখিত ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ/ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ এর সদস্য নং এর ক্ষেত্রে পৃথক রেজিস্টার সংরক্ষণ করা যাইবে।
- ৭ নং কলামে বর্ণিত তথ্যের জন্য হিসাব বিভাগ কর্তৃক পৃথক রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

**ফরম-৬**
**[বিধি ১৬(১)(ক) দ্রষ্টব্য]**
**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

একক মালিকানাধীন বা অংশীদারি নিরীক্ষা ফার্ম রেজিস্টার ফরম

| ক্রমিক নম্বর | ফার্মের নাম | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক প্রদত্ত নিবন্ধন নং ও তারিখ | যোগাযোগের ঠিকানা | তালিকাভুক্তির তারিখ/সনদ নং | একক মালিকানাধীন/ অংশীদারি ফার্ম | ফি প্রদান সম্পর্কিত তথ্য | নবায়নের তারিখ ও মেয়াদ |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

- ৬ নং কলামে উল্লিখিত একক মালিকানাধীন/অংশীদারি ফার্ম সংশ্লিষ্ট ইনস্টিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ/ইনস্টিটিউট অব কস্ট এন্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্ট্যান্টস অব বাংলাদেশ এর সদস্যের ক্ষেত্রে পৃথক রেজিস্টার সংরক্ষণ করা যাইবে।
- ৭ নং কলামে বর্ণিত তথ্যের জন্য হিসাব বিভাগ কর্তৃক পৃথক রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

**ফরম-৭**

**[বিধি ১৮(১) দ্রষ্টব্য]**

**ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল**

তথ্য পরিবর্তনের বিবরণ ফরম

| ক্রমিক নম্বর | নিরীক্ষক বা নিরীক্ষা ফার্মের নাম | ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল কর্তৃক প্রদত্ত নিবন্ধন নং ও তারিখ | বর্তমান (যাহা রহিয়াছে) | পরিবর্তন (যাহা হইবে) | পরিবর্তনের কারণ ও প্রমাণাদির বিবরণ | ফি প্রদান সম্পর্কিত তথ্য | পরিবর্তনের তারিখ |
|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) |
| | | | | | | | |

- ৭ নং কলামে বর্ণিত তথ্যের জন্য হিসাব বিভাগ কর্তৃক পৃথক রেজিস্টার সংরক্ষণ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফাতিমা ইয়াসমিন**

সিনিয়র সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
হাছিনা বেগম, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd